

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২৮৭

আগরতলা, ২৫ জুন, ২০২৬

গুরু-শিষ্য পরম্পরা প্রকল্পে আবেদনপত্র আহ্বান

উত্তর পূর্বাঞ্চল সাংস্কৃতিক কেন্দ্র (এনইজেডসিসি)-এর গুরু-শিষ্য পরম্পরা প্রকল্পে (২০২৬-২৭) যেকোন সাংস্কৃতিক ক্ষেত্রে প্রশিক্ষণ দেওয়ার জন্য আবেদনপত্র আহ্বান করা হয়েছে। লোকনৃত্য/ লোক সংগীত, বাঁশ/ বেত/ কাঠ খোদাই, যাত্রা, মুখোশ তৈরী বিশেষ করে এই অঞ্চলের মৃত প্রায় এবং লুপ্তপ্রায় সংস্কৃতি বিষয়ে বিশেষ জ্ঞান সম্পন্ন ৪৫ থেকে ৭০ বছর বয়সী ব্যক্তি এক্ষেত্রে আবেদন করতে পারবেন। গুরু হিসেবে মনোনীত এবং নিযুক্ত ব্যক্তি একজন সহকারি নিযুক্ত করতে পারবেন। ৪ জন শিষ্যকে (১৫ থেকে ২৫ বছরের) এক বছরের জন্য প্রশিক্ষণ দেবেন। গুরু প্রতিমাসে ৭,৫০০ টাকা, সহকারি প্রতিমাসে ৩,৭৫০ টাকা এবং শিষ্য প্রতিমাসে ১,৫০০ টাকা সাম্মানিক পাবেন। আবেদনকারীকে উপযুক্ত নথিপত্র এবং বায়োডাটা সহ সংশ্লিষ্ট রাজ্যে আর্ট এন্ড কালচার/ কালচার্যাল অ্যাফেয়ার্স দপ্তরে জমা দিতে হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ হল ৩১ আগস্ট, ২০২৬। এজন্য আবেদনপত্র এবং বিস্তারিত তথ্য এনইজেডসিসি'র ওয়েবসাইট www.nezccindia.org.in এ পাওয়া যাবে।
